
# North America Sarbojanin Kalipuja Association



11th November, 2023

# Kalipuja 2023

Welcome to our 14th Kalipuja. We wish all our patrons happiness and prosperity. May the blessing of Maa Kali be with you always.

## Venue

Naugatuck High School

543 Rubber Ave, Naugatuck, CT 06770

## Event

**11th November 2023**

| | |
|---|---|
| 3:00 PM—5:30 PM | Puja |
| 5:30 PM—6:00 PM | Pushpanjali |
| 6:00 PM—6:45 PM | Bhog Distribution |
| 6:30 PM—8:00 PM | Dinner Distribution |
| 8:30 PM—10:30 PM | Bhoomi Live in Concert |

# North America Sarbojanin Kalipuja Association Inc.

PO Box 8310

Manchester CT 06040

A non-profit 501(c)(3) Tax Exempt Organization incorporated in the state of Connecticut

http://naska.org/

Mailing Address:

PO Box 8310

Manchester CT 06040

Email : naskact@gmail.com

info@naska.org

facebook.com/NASKAofCT/

2023

## NASKA Executive Committee

Dhrubajyoti Chattopadhyay
Ranadip Acharya
Arindam Chakravarty
Sanchita Maitra Chatterjee
Girija Bhunia
Ayan Pal
Ananya Ganguly
Joybrata Das
Mainak Biswas

## Board of Authority

| | |
|---|---|
| Priest Arrangement | Dhrubajyoti Chattopadhyay, Animesh Chandra, Tarun Chowdhury |
| Publicity & Communication | Dhrubajyoti Chattopadhyay, Joybrata Das, Animesh Chandra |
| Food | Ayan Pal , Nirupam Basu, Sanchita Maitra Chatterjee, Ananya Ganguly, Rahul Roy, Kaushik Mitra |
| Prasad Distribution | Ananya Ganguly, Sanchita Maitra Chatterjee and team |
| Puja Arrangement | Sanchita Maitra Chatterjee, Ananya Ganguly and team |
| Advertisement | Sanchita Maitra Chatterjee, Nirupam Basu, Animesh Chandra |
| Artist | Ranadip Acharya, Sanjit Sanyal, Souveek Mukherjee, Arindam Paul |
| Decoration | Girija Bhunia, Arindam Guha, Mainak Biswas |
| Vendor Management | Joybrata Das , Animesh Chandra, Tarun Chowdhury |
| Venue | Dhrubajyoti Chattopadhyay, Sanchita Maitra Chatterjee, Ranadip Acharya, Nirupam Basu |
| Transportation Logistics | Ranadip Acharya , Joybrata Das |
| Priest Transport | Dhrubajyoti Chattopadhyay, Animesh Chandra, Sanchita Maitra |
| Front Desk | Arindam Chakraborty, Subhasis Ganguly |

## Souvenir

Animesh Chandra : Collections & Editing
Ayan Pal : Design

প্রচ্ছদে - নবদ্বীপের আগমেশ্বরী কালী

# MESSAGE FROM NASKA

We hope this message finds you in good health and high spirits. As we navigate through the changing seasons, we want to take a moment to express our gratitude and appreciation for each and every member of our NASKA family. In the spirit of unity, strength, and camaraderie that defines us, we extend our warmest greetings to you. Your presence as part of our family enriches the tapestry of our organization, and we are grateful for the vibrant spirit you bring to our shared endeavors.

Over the past 13 years, this space has become a medium for us, the NASKA EC team, to connect with the ever-growing NASKA family, and share our ethos and actions that continue to evolve with time. Our 2022 Kali Puja was a time for resurgence, where we celebrated the event with full fervor, in line with the style and scale that was prevalent during the pre-pandemic years. For this year, we would like to grow in strength and organize NASKA Kalipuja 2023 with similar grandiose.

It is indeed heartening to see how the NASKA family has stayed together and grown over the years, and more importantly during the post-pandemic years, which have been challenging for one and all. Now that we are past that difficult period, we should continue to be grateful to the Lord Almighty for the grace and blessings showered upon us. NASKA is thankful to each one of you who take pride in your association with the organization, for your faith, solidarity and continued patronage. NASKA's Kalipuja, has grown over the years and become a key community event, celebrating and symbolizing festivity, diversity, love, friendship, and inclusiveness. The pandemic did force us to curtail the scale during the previous two occasions. But this year, let nothing hold us back, as we come together once again, with folded hands, in devotion and prayers to the Divine Mother.

Since the inception of NASKA Kalipuja, we have been truly fortunate to get generous support from our trusted sponsors, not to forget our guests and volunteers. We would like to acknowledge all of you for your enthusiastic participation and much appreciated assistance, making our Kalipuja a memorable success, every year.

We are happy to share that NASKA has continued to support multiple philanthropic activities both in the USA and India.

We would also like to take this opportunity to let our NASKA family know that next year we will be celebrating our 15th year of organizing Kalipuja. And we look forward to continued and overwhelming faith and support from all of you so that we can work together and organize a spectacular Kalipuja.

Before we end this message, let us pray and seek blessings for those who have faced adversities during the pandemic. May MA KALI continue to fill our lives with good health and happiness and give us the strength and resilience to overcome the challenges that come our way.

**- NASKA Executive Committee**

"Om Sri Maha Kalikayai Namah"

# FROM THE EDITOR'S DESK

Our Purans and Vedas talk about 14 "Loka"s. Each Loka has its own distinctive features and characteristics. According to Hindu beliefs, the universe is complete with these 14 lokas. However, after completing 14 years of NASKA Kalipuja, we still believe, our journey has just started and we have a long way to go. While the annual Kalipuja is still one of the biggest celebrations in New England areas, we've started working on fulfilling our dream of building a "NASKA Tirtha Kendra" in CT.

In the year 2021, NASKA Board of Trustee were tasked with the project to fulfill the long-term vision and our community's dream to build a Kali Temple in CT. The committee has made significant progress in this endeavor, and you'll see an update on our efforts in subsequent pages.

Every year we make sure that the Puja is performed with utmost devotion, adoration, and dedication. This year the tithi of Kalipuja in India is Sunday, November 12th. We are fortunate to perform Kalipuja on the Amabashya tithi in Krishnapaksha.

I sincerely hope that this souvenir magazine will also contribute to the cause and take you to a heaven of reading pleasure. This magazine showcases the literary works of writers and creative geniuses of artists from around the world. I am grateful to all those who have so graciously contributed their work for everyone to enjoy.

I would also like to thank all the sponsors and business owners for their advertisements in this magazine. I would like to mention that neither NASKA, Inc., nor the members of its Executive Committee nor I are responsible, in any shape or form, for any opinion expressed (or implied) by an artist, author, or advertiser in this magazine.

I wish you all the best and hope you will enjoy reading this magazine as much as you enjoy the Puja.



Animesh Chandra

भारत का प्रधान कौंसल
न्यू यार्क

सत्यमेव जयते

**CONSUL GENERAL OF INDIA**
**NEW YORK**

October 16, 2023

## MESSAGE

I am delighted that North America Sarbojanin Kalipuja Association (NASKA) is celebrating Kali Puja on November 11 in Connecticut. This is the 14th annual Puja held by the organization. Kali Puja is very popular in Eastern India, where the Mother Goddess is revered with deep devotion. The celebration of Kali Puja in Connecticut is also reflective of our deep cultural imprint in the United States.

I hope the occasion brings peace and prosperity in the lives of our community members. May Maa Kali continue to shower us with Her blessings!

(Randhir Jaiswal)

Mr. Tarun Chowdhury
North America Sarbojanin Kalipuja Association
Connecticut

3 East 64th Street, New York, NY 10065 (USA)
Tel : CG Office : (212) 774-0622/0621 • Fax : (212) 988-6423
E-mail : cg.newyork@mea.gov.in; cgoffice.newyork@mea.gov.in; Website: www.indiainnewyork.gov.in

NASKA

Board of Trustee

## MESSAGE TO OUR COMMUNITY

Over the past three years, we at NASKA shared the pain that millions of people around the globe have been feeling in light of recent events – pandemic, war and natural calamity. As a responsible organization, while we make every effort to create a caring and compassionate community, we understand that the positive impacts of effective leadership go far beyond the corporate strongholds and administrative powerhouses into the streets we live in and the neighborhoods we come from. To achieve our fullest potential as a contributing member of the society we must listen to others, learn from our mistakes, and have the courage to stand up for one another. NASKA being an organization committed to building such social cohesion, we understand that the true power of the compassion will never be achieved without bringing everyone under one roof. Thus, we remain committed to our long-term vision of building NASKA Tirtha Kendra!

Today, when faced with newer and harder challenges, we take comfort in knowing we are part of an amazing community filled with kindness, inclusion and creativity. We feel truly grateful to be part of this thoughtful circle as we continue to build excitement and march toward our vision. To that end, we continued our tireless efforts over the past 24 months searching and scoping out numerous Tirtha Kendra sites in and around Hartford region. While our research continues on a few prospective sites, we are making sure we take the time needed to do proper due diligence before we land on a final decision. We promise to keep our patrons and devotees posted on our progress. Our deepest appreciation for all our generous donors who have already contributed or committed to support us in our journey for the longer term.


We pray for your safety, well-being and happiness every day.

Thank you for your incredible and unwavering support for our organization!

**Board of Trustee, NASKA**

**November 11, 2023**

# Kali Temple & Tirtha Kendra In Connecticut



NASKA Board of Trustees would like to express our sincere thanks to the following donors whose generous donations have enabled us to make the first step of fulfilling the long-term vision and our community's dream to build a Kali Temple in CT.

## THANK YOU

Mr. Animesh Chandra and Mrs. Tania Chandra
Mr. Anjan Saha and Mrs. Mithu Saha
Dr. Dipak Dey and Mrs. Rita Dey
Mr. Dipak Ghosh and Mrs. Sumala Ghosh
Dr. Gopal Sarker and Mrs. Ishita Sarker
Mr. Nirupam Basu and Mrs. Samita Basu
Dr. Nitis Mukherjee and Mrs. Mahua Mukherjee
Dr. Pradipta Mazumder
Mr. Ranjit Basak and Mrs. Jayeeta Basak
Dr. Sanjay Banerjee and Mrs. Krishna Banerjee
Dr. Sankar Ghosh and Dr. Dola Sengupta
Mr. Subhasish Ganguly and Mrs. Ananya Ganguly
Mr. Sudipta Chaki and Mrs. Nabaneeta Chaki
Mr. Sugato Sarkar and Dr. Jessie Dewanjee
Mr. Tarun Chowdhury and Mrs. Ratna Chowdhury

Your active participation and suggestions are welcome to make this dream a reality

**Contact NASKA Board of Trustee**

Animesh Chandra 818-224-8760
Dhrubajyoti Chattopadhyay 848-469-9100
Nirupam Basu 860-202-3453
Ranjit Basak 203-444-3060
Tarun Chowdhury 201-310-0949

# মৃন্ময়ী রূপে জাগো

অনিমেষ চন্দ্র

মন বড় বিচলিত হয়ে আছে কৃষ্ণানন্দের।

তাঁর জন্মভূমি নবদ্বীপে তন্ত্র সাধনা সাধারণ মানুষের কাছে বিভীষিকার পর্যায়ে পৌঁছেছে।

শ্রীচৈতন্যদেব অপ্রকট হয়েছেন বহু বছর হলো। তাঁর অপ্রকট হওয়ার পর থেকেই বৈষ্ণবধর্মে নানারকম অবক্ষয় শুরু হয়ে গেছে। শ্রীচৈতন্যদেবের প্রগতিশীলতা ক্রমে নষ্ট হয়ে যাচ্ছে। অন্য দিকে প্রবল হয়ে উঠেছে তন্ত্রাচার। কিন্তু সেখানে অশুভ শক্তির চর্চাই বেশি করে হচ্ছে। মারণ-উচাটন-বশীকরণের মত বিষয় তন্ত্র সাধনার সঙ্গে একাকার হয়ে তন্ত্রসাধনা কে এক সম্পূর্ণ ভিন্ন অর্থ দিয়েছে। এখন শক্তি পূজা বা তন্ত্র মানেই ভয়। সাধারণ মানুষ তান্ত্রিকদের ভয়ের চোখে দেখতে শুরু করেছে এবং তাদের নিয়ে নানারকম গল্পকথা এবং গুজব সারা নবদ্বীপে ছড়িয়ে পড়ছে। তাহলে কি বাংলার সাধারণ মানুষ শক্তি পূজা থেকে চিরদিনই বিরত থেকে যাবে ? যে মা কে তিনি হৃদয়ের অন্তঃস্থলে বসিয়ে আত্মার শ্রদ্ধা দিয়ে পূজা করেছেন সেই মা কি সাধারণ মানুষের কাছে অপূজিত এবং অধরাই থেকে যাবে!!

বারবার পূজায় বসে কৃষ্ণানন্দ মা কে বলে যাচ্ছেন "এক বার সাকার রূপে দেখা দাও মা, মূর্তি গড়ে তোমার অর্চনা করি!"। তিনি মন্ত্র জানেন, তন্ত্র জানেন এবং সর্বপরি এও জানেন যে ডাকার মত করে মা কে ডাকলে না আসার সাধ্য মা এর নেই। তাহলে কেন এত দিনের আকুতি তেও মা সাড়া দিচ্ছে না!!

বিছানায় শুয়ে ছটফট করছেন কৃষ্ণানন্দ। রাতের পর রাত ঘুমাতে পারছেন না। করালবদনা শক্তিরূপা দেবীর শান্ত রূপের খোঁজ না পেলে সাধারণ গৃহস্থের মা এর প্রতি ভয় কে ভালবাসায় কিছুতেই বদলানো যাবে না। কিছুতেই মা এর সেই কল্যানকর রূপটি কে ধরতে পারছেন না কৃষ্ণানন্দ। এসব ভাবতে ভাবতে কখন চোখের পাতা জুড়ে আসে। হঠাৎ যেন দেখলেন মা এসে বলছে

"ওরে তোর চোখের সামনে ই তো আমি আছি। একবার ভালো করে দেখ। কেন বৃথা দূর আকাশে আমাকে খুঁজতে যাচ্ছিস?"

– "কোথায় আছ মা? আমি তো দেখতে পাই না।"

– "আচ্ছা বেশ! কাল ভোরের প্রথম আলোয় যে মানবী কে দেখবি তার রূপেই পুজো করিস আমায়"

চমকে উঠে বসলেন কৃষ্ণানন্দ। মা স্বয়ং স্বপ্নে এসে দেখা দিয়েছে। বাকি রাত টুকু আর ঘুমোতে পারলেন না তিনি।

ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গে গোপপল্লি দিয়ে হাঁটা দিলেন গঙ্গার দিকে। হঠাৎ তাঁর নজরে পড়ে গেল এক গোপবধু। ডান পা সামনে বাড়িয়ে একতাল গোবর নিয়ে গাছের গুঁড়ির উপর নিবিষ্ট মনে ঘুঁটে দিচ্ছে সে। বাঁ হাতে গোবরের মস্ত তাল, ডান হাত উঁচুতে তুলে ঘুঁটে দিচ্ছে। নিম্নবর্গীয় কন্যা, গায়ের রং কালো, বসন আলুথালু, পিঠে একঢাল ঘন কালো চুল কোমর ছাপিয়ে মাটি ছুঁই ছুঁই, কনুই দিয়ে কপালের ঘাম মুছতে গিয়ে সিঁদুর লেপ্টে গেছে। পরনে খাটো একটা কাপড় কোনমতে জড়ানো। প্রবল প্রতাপশালী কৃষ্ণানন্দ মহাশয়কে দেখে চমকে উঠলো সেই বধু। বিব্রত হয়ে সেই খাটো বস্ত্র ঠিক করতে গিয়ে স্বল্পবাসটুকু ও গেল পড়ে। দুহাতে গোবর, লজ্জায় জীভ কাটল সেই নিরুপায় বধু।

সম্মোহিত কৃষ্ণানন্দ যেন সাক্ষাত দেখছেন "করালবদনাং ঘোরাং মুক্তকেশীং চতুর্ভুজাং" কে। গোবরের তাল ধরা ডান হাত যেন বরাভয়ের মুদ্রা। উদ্যত বাম হাত যেন খড়গ ধারণ করে সকল আসুরিক শক্তির বিনাশে মগ্ন। কপালে লেপ্টে যাওয়া সিন্দুর যেন মা এর তৃতীয় নয়ন।

ধন্য হলেন কৃষ্ণানন্দ আগমবাগীশ। এই ছবিটিই মানসপটে এঁকে গঙ্গামাটি নিয়ে দক্ষিণা কালিকার মূর্তি গড়তে বসলেন কৃষ্ণানন্দ। নিরাশ্রয় মানুষকে শক্তির আশ্রয়ে পৌছে দেওয়ার তাঁর সেই ব্রত এবার যেন পথ পেল। তন্ত্রের বিভীষিকাময় দিক গুলো সরিয়ে গৃহীদের জন্য শক্তি সাধনার এক সহজিয়া পথ তৈরী করে দিলেন কৃষ্ণানন্দ। তাঁর

কল্যাণময়, মঙ্গলদায়ক মা কে পৌছে দিলেন সবার ঘরে ঘরে।

কৃষ্ণানন্দের এই মূর্তিই পরবর্তী কালে বাংলায় জনপ্রিয় হয়ে উঠল।

কৃষ্ণানন্দ দীপান্বিতা অমাবস্যায় একই দিনে ছোট আকারের কালীমূর্তি নির্মাণ করে রাত্রে পূজার্চনা শেষে ভোরে বিসর্জন দিতেন। তাঁর এই পূজা পদ্ধতি কে লোকে বলতো 'আগমবাগীশি কাণ্ড'। পরে কথাটি প্রবাদে পরিণত হয়েছিল। তাঁর পূজিত দেবী "আগমেশ্বরী মাতা" নামে প্রতিবছর নবদ্বীপে পূজিত হওয়া হয়।

পরিশিষ্ট:

কৃষ্ণানন্দ আগমবাগীশ নদিয়া জেলার নবদ্বীপ শহরে আনুমানিক ১৬০০–১৬১০ খ্রি: কৃষ্ণানন্দ ভট্টাচার্য নামে জন্মগ্রহণ করেন। তন্ত্র সাধনার আগম পদ্ধতিতে সিদ্ধি লাভ করে তিনি "আগমবাগীশ" উপাধি পান। তাঁর পিতার নাম ছিল মহেশ্বর গৌড়াচার্য। গৌরাচার্যের দুই পুত্র ছিল। বড় পুত্র কৃষ্ণানন্দ শক্তির উপাসক। ছোট ছেলে মাধবানন্দ পরম বৈষ্ণব।

তন্ত্রশাস্ত্রে সুপণ্ডিত এই তন্ত্রসাধক কৃষ্ণানন্দ ১৭০ টি তন্ত্রগ্রন্থ থেকে নির্যাস গ্রহণ করে বিখ্যাত "তন্ত্রসার" গ্রন্থটি রচনা করেন এবং সমগ্র দেশে এই গ্রন্থটি সমাদৃত হয়। কৃষ্ণানন্দ ছিলেন উদারচেতা। ধর্মবিষয়ে তাঁর কোনো গোড়ামি ছিল না। তাই তন্ত্রসার গ্রন্থে শৈব, গণপত্য, শাক্ত, বৈষ্ণব ও সৌর সম্প্রদায়ের তন্ত্রগ্রন্থগুলির সার সন্নিবিষ্ট হয়েছে।

এখনো নবদ্বীপে আগমেশ্বরী পারায় আগমবাগিশের পঞ্চমুন্ডির আসনে তাঁর প্রচলিত পদ্ধতিতে কালীপূজা হয়ে চলেছে। বলা হয় এটি নাকি প্রথম এবং প্রাচীনতম দক্ষিণা কালীর পূজা।

**ওঁ করালবদনাং ঘোরাং মুক্তকেশীং চতুর্ভুজাং ।**

**কালিকাং দক্ষিণাং দিব্যাং মুণ্ডমালা বিভূষিতাম্ ।।**

**সদ্যশ্ছিন্ন শিরঃ খড়্গ বামাধোর্দ্ধ করাম্বুজাম্ ।**


**অভয়ং বরদঞ্চৈব দক্ষিণোর্দ্ধাধ পাণিকাং ।।**

অনুবাদ :-

যিনি ভীষণ ভয়ঙ্কর বদনা,মুক্তকেশী,চতুর্ভুজা, অপ্রাকৃত মুণ্ডমালা বিভূষিত তিনি ই দক্ষিণা কালিকা যাহার বাম দিকের উর্দ্ধ ও নিম্ন হস্তে ক্রমান্বয়ে সদ্য ছিন্ন মুণ্ড ও খড়্গ আছে , দক্ষিণ দিকের উর্দ্ধ ও নিম্ন হস্তে ক্রমান্বয়ে অভয় ও বরমুদ্রা রহিয়াছে।



নবদ্বীপের আগমেশ্বরী কালী



কৃষ্ণানন্দ আগমবাগীশ

*ছবি: ইন্টারনেট*

# কালী-কাহিনী

মা গো,ও মা কালী ,
তোর গায়ের রঙ এত কালো,
তবু সবাই পূজে তোরে,
মাথা ঠেকায় তোর পায়ে ,
সবাই তোরে বাসে ভালো।।

আমায় চেয়ে দেখ মা,
সমাজ নাম দিয়েছে 'কালী',
মানছি গায়ের রঙ কালো
তাই বলে বুঝি মন নেই?
আত্মমর্যাদা থাকতে নেই?
ভালোবাসা না হয় বিলাসীতা,
তাই বলে তাচ্ছিল্য!
অবহেলা, ঘৃণা, কুকথা?

মায়ের মুখে শুনেছি,
এসেছিলাম যেদিন পৃথিবীতে,
ঠাকুরদা দেখে বলেছিলেন,
'একে তো মেয়ে, আবার কালো
কেমনে একে বাসি ভালো!'
ঠাকুরমা কেঁদে ভাসায়,
'এত কালো গা, কালো মুখ
সারাজীবন সইতে হবে দুখ।
কি যে করি এরে নিয়ে,
এমন কালো,কে করবে বিয়ে '!

তবে বাবা নাকি বলেছিলো,
'কালী মা এসেছে ঘরে,
তারে রাখবো যতন করে।'
মা নিয়েছিল বুকে টেনে,
মুখে মিষ্টি মধুর হাসি,
কানে কানে বলেছিলো,
'মা আমার,সত্যি ভালোবাসি।
তোরে দেব মান হুশ ,
দেব মনুষ্যত্বের বাণী,
সাদা-কালো পিছে ফেলে,
লিখবি তোর কালী-কাহিনী।।'

আজ আমি একবিংশ শতাব্দীর
নিজের পায়ে দাঁড়ানো এক নারী।
গায়ের রং কালো এখনো,
আজ তবুও কেন জানি,
নিজের জন্য গর্ব হয় ভারি।।

অপরাজিতা রায়

# মনে পড়ে

বলতে পারো কবে শেষবার
গুনছো আকাশের তারা?
অশ্রুশিক্ত নয়নে বারবার
খুঁজেছো কি তাদের!
সময়ের কালঝড়ে,
হারিয়ে গেছে যারা।।

মনে পড়ে শেষ কবে
হারিয়েছো কাশ বনে?
দিগন্ত জোড়া সাদার মেলায়,
ভেসে গেছো আনমনে?
চেয়ে নীল আকাশের পানে
হারিয়েছো পাখির গানে।।

ভেবে দেখো শেষ কবে!
নির্জন সমুদ্র তটে,
বালুচরে বসে দেখেছো,
ঢেউয়ের আসা যাওয়া,
সঙ্গ দিতে সে ক্ষণের
ছিলো বুঝি মাতাল হাওয়া!

বলেছো কি কখনও
প্রিয়ার হাত টি ধরে,
'তোমায় ভালোবাসি',
ছোঁয়া পেতে তোমার
তাই বারবার ফিরে আসি।।

চেয়ে দেখো দু'চোখ ভরে,
নীল আকাশে আজও
মেঘেরা করে খেলা।
না হয় মুঠোফোনের মাঝে
হারিয়েছি কিছু ক্ষণ,
তবু আজও ধুনোর গন্ধে
আনচান করে এ মন।।
চলো, ফিরে দেখি সব,
চলো,স্বপ্নের মালা গাঁথি!
ব্যস্ততারে পিছে ফেলে
ভালোলাগারে করি সাথী।

# কোন রূপেরই শ্যামা

অমিত গুহ

দেখি, মুন্ডমালা পরে গলে    মহাকাল ওই চরণতলে
উগ্রতারায় কেনই দেখি   হোস্ না রাঙা লাজে?
দয়াময়ী মায়ের রূপের   মন মানে না সাজে
.. না মা ওগো, আমার মন মানে না সাজে

মগন যে তুই অহম্ নাশে    বাঁধা নিজ বাঁধন-পাশে
শঙ্কিত জীব সকল অধীর  জেনেও যে তুই থাকিস্ বধির
ক্ষুব্ধ আমার বিদ্রোহী মন     স্তম্ভিত তোর রাজে
.. না মা ওগো, আমার মন মানে না সাজে

আবেগ প্রাণে দুখের তানে   করুণ বীনা বাজে
প্রবল যে তোর শাসন টানে   ছড়ায় ভীতি সকল প্রাণে
দরদিনী শ্যামা মায়ে  এই রূপ কি তাঁরে সাজে?
.. না মা ওগো, আমার মন মানে না সাজে

# লাইট হাউস

শিবাজী ব্যানার্জী

বাড়ির কোনো ঘড়িটাই গোটা নেই
একটার শুধু মিনিটের কাঁটা
আরেকটার ঘন্টার, তো তৃতীয়'টার
সেকেন্ডের. ঠিক ষড়যন্ত্র ক'রে
ভেঙেছে যেন! জোড়াতাপ্পি দিয়ে
কোনো'রকমে সময় নির্ণয়।
কিন্তু কম্পাসের কাঁটা'টা যেদিন
ভেঙে গেল, শুরু হলো প্রলয়।
কল-কাটা ঘুড়ি'র মতন ঘূর্ণাবর্তে
আছড়ে পড়লাম সমুদ্রে,
উথালি-পাথালি দিকশূণ্য এক ভেলা।

ভাগ্যিস এসে দাঁড়িয়েছিলে,
বাতিঘরের মতন।

# দুরন্ত এক্সপ্রেস

শিবাজী ব্যানার্জী

একটা অন্ধকার থেকে
আরেকটা অন্ধকারের মাঝে
হঠাৎ আলোর ঝলকানি
কে ভেবেছিলে দীর্ঘস্থায়ী সুখ?

একটা আলোর থেকে
আরেকটা আলোর মাঝে
তমসা কে অবজ্ঞা করে
ভেবেছিলে দূরে থাকে দুখ।

জীবন ক্যালাইডোস্কোপ
খোপ খোপ দুঃখ সুখ
যে ফুল ঝরে যাবে তাকে
কি আর পাবে?

যে কদিন সতেজ আছো
পারলে মন -মতো বাঁচো
জীবন কিন্তু দাঁড়াবেনা
সে দুরন্ত চলে যাবে।

একা এসেছো এক যাবে
এতো চিন্তা কি তবে?

# দু-চাকার দুনিয়া

কৌশিক মজুমদার

কতদিন হয়ে গেলো কোন ছোট ছেলেকে সাইকেলে ঝুলন্ত অবস্থায় হাফ প্যাডেল করতে দেখি নি!

হাফ প্যাডেলে বেশ কিছুদিন ধস্তাধস্তির পর প্রথম বার ফুল প্যাডেল করতে পারা ছিল আমাদের সময়ের বেশীর ভাগ ছেলেপিলেদের জীবনের প্রথম স্মরণীয় সাফল্য.ফাঁকা একখান সাইকেল পাওয়াই ছিল ভাগ্যের ব্যাপার.প্রথম প্রথম তাকে নিয়ে হাঁটা অভ্যেস করতে বলতো পাড়ার সাইকেলতুতো দাদারা.মজাটা হলো এই যে সাইকেল নিয়ে প্রথম প্রথম হাঁটতে গেলেই সে আপনা আপনি গায়ের দিকে ঘেঁষে আসে,শোলের সেই বিখ্যাত আমবাগানে বাসন্তীর দিকে বীরু যেমন.আস্তে আস্তে হাঁটা একটু কেতাদুরস্ত হলে পারমিশন পাওয়া যেত হাফ প্যাডেল ট্রাই করার.ডান বগলের নীচে বসার সিট জাপটে ধরে ডান হাতের মুঠোয় প্রাণপনে খামচে ধরতে হতো সিটের সামনের পাক খাওয়ানো লোহার রিং.শুধু বাঁ হাতে ধরা হ্যান্ডেলে ভরসা রেখে ভগবানের নামে শুরু হয়ে যেত হাফ প্যাডেলের ক্লাস.বেল-টেল বাজানোর কোন ব্যাপারই থাকতো না,কারণ ঘন্টি তো ডান দিকের হ্যান্ডেলে!উল্টোদিক থেকে নেহাৎ কেউ এসে পড়লে তড়িঘড়ি বাঁ পা মাটিতে নামিয়ে দিয়ে খানিক দূর অবধি ল্যাংচাতে ল্যাংচাতে ফিজিক্সের নিয়মে মাটির সাথে ঘর্ষণ বাড়িয়ে বাহনকে থামাতে হতো.বাহন কথাটা অবিশ্যি ঠিক লাগসই হলো না.বহন তো করতো না,আমরাই বরং ওর গায়ে নাছোড়বান্দা এঁটুলির মতো লেগে থাকতাম!

প্যাডেলের বিষয়ে আর একটু বিশদ হওয়া প্রয়োজন.সে সময়ে বেশীর ভাগ সাইকেলেই চেনের ঢাকনি হতো আধঢাকা,পরিভাষায় যাকে বলা হতো হাফ চেন কভার.যত্ন করে তেল-মবিল দিয়ে তোয়াজ করা চেনের অনেকটাই বেরিয়ে থাকতো সেই কভারের বাইরে.তাই গরমকালে হাফ প্যান্টের সময় কিছুক্ষণ সাইকেলের সাথে জাপ্টাজাপ্টির পরেই ডান পায়ের গোছের কাছে চেনের কালি লেগে যা তা অবস্থা হতো.শীতকালে বিপদ এড়াতে আমরা আগে থেকেই পাজামা কিম্বা প্যান্টের শুধু ডান পা'টি হাঁটু অবধি গুটিয়ে তবে মাঠে নামতাম.এমনিতেই শুরুর দিকে বারে বারে আছাড় খেয়ে দুই হাঁটুর ছালচামড়া আস্ত থাকতো না.সুতরাং,পাজামায় তেল কালির ছোপ লাগিয়ে বাড়ী ফিরে মায়ের মুখে পড়ে আমরা দেহের অন্যান্য অংশে ঐ একই রকম অবস্থার রিস্ক নিতাম না.এই গেলো মোটামুটি প্যাডেল পর্ব.

সেসময় এখনকার মতো সক্কলেই জন্মে ট্রাই সাইকেল,পাঁচ বছরের জন্মদিনে পিছনে সাপোর্টওয়ালা বাইসাইকেল ও দশ ক্লাসের আগেই টিউবলেস ঝাঁ চকচকে রেসিং সাইকেলের ভাগ্য নিয়ে আসতো না.কাজেই ক্লাস ফোর ফাইভেই বাবা কাকা বা পাড়াতুতো দাদাদের বিশ,বাইশ এমনকি চব্বিশ ইঞ্চির হারকিউলিস,হাম্বার কিম্বা বি এস এর সাথে পহেলা মোলাকাত হতো.সে এক ভয়ঙ্কর অভিজ্ঞতা. রসকষহীন,কঠিন,ভারী,প্রায় নির্দয় কাঠামো...অনেকটা 'দেয়া নেয়া' ছবির কমল মিত্রের মতো.তাকে বশে এনে (নাকি তার বশ মেনে!) তার প্রিয়পাত্র হতে অনেক সময় যেত.ঘাম এমনকি রক্তও ঝরতো কম নয়.টুকটাক দুর্ঘটনা তো লেগেই থাকতো.রাস্তার বেড়াল,কুকুর,খবরের কাগজওয়ালা,মোপেড,স্কুটার,টিউশনি ফেরৎ বালিকা সব্বাই জড়িত থাকতো সেই পথবিভ্রাট নাটকে! এতো কিছুর বিনিময়ে যা উপার্জন করা যেত,পৃথিবীর বেশীর ভাগ অমূল্য সম্পদের মতোই তাকে চোখে দেখা যেত না,শুধু অনুভব করা যেত.অনেকটা প্রথম প্রেমের মতো.

ব্যালেন্স!একবার সেটি আয়ত্ব হলে সারা জীবনের মতো সে রয়ে গেলো তোমার সঙ্গে.ছবির একদম শেষের দিকে পাইপ কামড়ে কমল মিত্তির মশাইয়ের ঠোঁটে যে হাসি এক লহমার জন্য দেখা দিয়েই মিলিয়ে যেত,যার আভাসে উত্তম তনুজা বেফিকর বুঝে যেত,'ব্যাস,সব ঝড় কেটে গেলো,সামনে শুধু বসন্ত আর বসন্ত!'ঠিক সেইরকম এক পরম মুহূর্তে আমরা টের পেতাম, পিছনে কেউ সিট ধরে আর আমায় সামলাচ্ছে না,আমি দিব্যি নিজের মতো চলছি সাইকেল নিয়ে.তার মানে,ব্যালেন্স এসে গেছে!আহা কি আনন্দ আকাশে বাতাসে!!সেই ইউফোরিয়ার কাছে প্রথম চাকরির চিঠি পাওয়ার আনন্দও হেসেখেলে পাঁচ গোল খাবে.

প্রেমপর্বে সীলমোহর পড়ার পর যেমন অবধারিত বিয়ের প্রস্তুতি,একবার ব্যালেন্স এসে গেলেই তেমনি একটা 'নিজের'

সাইকেলের জন্য স্বপ্ন দেখার শুরু.দিবাস্বপ্নও বলা যেতে পারে.রাস্তায় ঘাটে তখন আর মানুষ চোখে পড়ে না,এমনকি ইস্কুল ফেরৎ পথে ভবানী বালিকা বিদ্যালয়ও পেরিয়ে যাই সন্ন্যাসীর উদাসীনতায়.দুচোখ খালি জরিপ করে সামনে থেকে আসা সাইকেলদের.কোনোটার দুর্দান্ত সিট কভার,কোনোটার হ্যান্ডেল কভার,কারুর টুংটাং বেল,কারুর নিঃশব্দ মরালগতি সব একটু একটু করে মনের মধ্যে জমিয়ে আমি তৈরী করি আমার স্বপ্নের সাইকেল,তিলোত্তমার মতোই!কিন্তু যদিও 'সে আসিবে আমার মন বলে',বাবা তো ছবির ইন্টারভ্যালের আগের পর্বের মতো একদম সত্যি সত্যি কমল মিত্তির.তার মন আর ভেজে কই?এদিকে ইস্কুলের সুশান্ত,দিলীপ,দেবাশীষ,বাণী সক্কলে প্রমোশন পেয়ে গেলো,সব্বারই নিজের নিজের সাইকেল.দেবা'র তো আবার পৈতের উপহারে পাওয়া লাল টুকটুকে রেসিং সাইকেল!রোজ বিকেলে সেইসব ইউনিকর্ণের সওয়ার হয়ে ওরা ডুঙলুঙ ডো চক্কর মেরে আসে.আমি আর আমার মতো আর যারা এখনো নেহাৎ এই ধূসর পৃথিবীতে পড়ে আছি,তারা সারাটা বিকেল এবড়োখেবড়ো মাঠে চামড়া মেরামত করা শক্ত ফুটবলে লাথি মেরে মেরে পায়ের পাতা লাল করি.মোর ডানা নাই,আছি এক ঠাঁই......

দিলীপের বুদ্ধি দারুণ.একদিন দু চাকার স্পোকে কালো রবার ব্যান্ড দিয়ে দু'খানা আইভরি কালারের আমূল দুধের প্লাস্টিক চামচ বেঁধে নিয়ে এলো ইস্কুলে.চাকা ঘোরার সাথে সাথে অটোমেটিক কটকটি সিগন্যাল!আমরা বুঝে গেলাম চন্ডীদাসের খুড়োর নবজন্ম হয়েছে আমাদের শিবপুরে.

এইরকম বিভিন্ন সাইকেলের সৌন্দর্য্যচ্ছটায় মনে মনে যখন প্রায় পরশ্রীকাতর হয়ে পড়েছি,সেসময়,এক গ্রীষ্মের রোববারের সকালে বলা নেই কওয়া নেই বাবা হুট্ করে কিনে নিয়ে এলো একটা বি এস এ SLR সাইকেল,ডায়নামো-হেড লাইট সমেত.আগে থেকে কিছু জানতাম না তো,তাই মনে মনে কোন প্রস্তুতিও ছিল না.আনন্দের তীব্র ধাক্কায় প্রথমটায় একদম থ হয়ে গেলাম.তারপর একেএকে বিস্ময়, অবিশ্বাস(এ কি করে হয়,বাবার তো প্রচন্ড আপত্তি ছিল আমার সাইকেল শেখায়)এসব পেরিয়ে ধাতস্থ হওয়া যে হ্যাঁ,সত্যি সত্যি আস্ত একটা 'নিজস্ব' সাইকেল হলো আমার আজ থেকে. তার উপর আবার হেড লাইটওয়ালা!এমনটা বন্ধুদের আর কারো নেই.বাড়িতে থাকি যখন,কোন কাজে মন লাগে না.থেকে থেকে ফিরে আসি বারান্দার ধারে স্ট্যান্ড করে রাখা পোষমানা ইউনিকর্নের কাছে.দিনে বার তিনেক মুছি আগাপাশতলা.সন্ধ্যেবেলায় অপেক্ষা করি কখন একটিবার লোডশেডিং হবে!ঘরে মায়েরা হ্যারিকেন জ্বালার আগেই দৌড়ে গিয়ে ডায়নামোর সুইচ চালিয়ে হাতে করেই বাঁইবাঁই ঘোরাতে থাকি ডবল স্ট্যান্ডে দাঁড়িয়ে থাকা সাইকেলের প্যাডেল.উজ্জ্বল নীলচে সাদা আলোয় আমাদের একতলার লম্বা ঝুঁঝকো আঁধারে ডুবে থাকা বারান্দা ভরে যায়,ঠিক যেন এক টুকরো ডুঙলুঙ ডো.'অনেক পরে হলেও তোরও এবার তাহলে প্রমোশন হলো',নিজেকে ফিসফিস করে বলি!

সত্যজিতের গল্পের সেই দেশের মতোই আমার সাইকেল-সম্পৃক্ত শৈশবস্মৃতি,শুধু কল্পনাতেই যাকে দেখতে পাওয়া যায়.বাস্তবের চৌহদ্দিতে ঢোকার সঙ্গে সঙ্গে সে গুঁড়ো গুঁড়ো হয়ে ঝরে পড়ে,মৃত প্রজাপতির ডানা থেকে খসে পড়া রঙের মতোই.

শৈশব দীর্ঘজীবী হোক



অশোক চক্রবর্ত্তী

বার বার আসি আমি,
বার বার ফিরে যাই– ,
জানিনা আজও আমি,
কি যে খুঁজি, আর কি যে চাই–!

পাখীরা গান গায়
ফুলেরই জলসায়–,
আমারও তো গান আছে,
শোনাই তারার মেলায় !

তিলতিল খুঁজে যদি
কভু পাই তিলোত্তমা..!
তবু তোমারেই চাই যেনো,
তোমারেই চাই,
ওগো প্রিয়তমা !!

আজ তোমার স্বর
এতো অস্ফুট কেনো?
ঘরের দরজা জানালা
সব বন্ধ যেন !
আমি'তো খোলা জানালায়
কখনও-সখনও–,
এখন তো আবার খোলা ছাতে
খোলা আকাশের নীচে,
খোলা হাওয়ায়,
দু'হাত বাড়ায়ে রই–,
আলিঙ্গন করার জন্য !!

তুমি বলবে, এ সব ছলনা,
এ লোক দেখানো,
ভালবেসে লোক ঠকানো–!
আমি বলব, সুতো-কাটা ঘুড়ি
দমকা হাওয়ায় উড়ে উড়ে,
গাছের ডাল-পালায় লাট খেতে খেতে
শুনিয়ে যায় কারো আনন্দতান,
কারোর বা বেদনারই গান ॥

সকাল বেচে দুপুর কেনে
দুপুর বেচে সন্ধ্যা–,
সন্ধ্যা বেচতে না পারে যদি
রাত কাটে তার মন্দা..!

রাত যদি বা বেচতে পারে
জীবন দেখে ভোর,
ভোরের আলোয়
দুপুর বিলোয়
ক্লান্তি-মন্দা-শোর–!

সন্ধ্যা-সাঁঝে রুপসী সাজে
বাজি ধরে রোজ––,
কেউ কি তার নাম জেনেছে,
রেখেছে কি তার
ইহকালের খোঁজ !!??

নজরে নজর মেলেনি কখনও,
ওজর আপত্তি সইছি এখনও–,
ভাবনাতে প্রেম হচ্ছে শুকানো,
যদি কোনদিন সত্য হয় স্বপনও..!!

দিন রাত্রি বদল হ'লেও
থাকি একই মগনও––,
তুমি আমি কাছাকাছি,
চোখের তারায় নাচানাচি,
সরে গেছে আজ বুঝি
সব বিঘ্ন !!!!

# রূপকথা

রত্নাবলী রায়

সাতসাগর আর তেরো নদীর কথা
পড়েছি রূপকথার নানা গল্পে
ঘোড়ায় চড়া রাজপুত্তুর চলে যেথা
বন্দিনী রাজকন্যে কে, ভিনদেশ থেকে খুঁজে আনতে।
পথে পথে তার বাধা আসে কতশত,
রাক্ষস খোক্ষস রা আটকায় তার পথ
রাজার কুমার তরোয়াল ধরে হাতে,
বধিয়া তাদের কাটায় বিনিদ্র রাত।
বেঙ্গমা বেঙ্গমী দেয় যে তাকে সেপথের সন্ধান,
রাজার কন্যা বন্দিনী কোনখান,
সোনার কাঠির পরশে মেলবে চোখ,
রাজার কুমার ঘোচাবেই তার দুখ।
মন্ত্রীপুত্র সওদাগর পুত্র কোটাল পুত্ররা
কালস্রোতে হারিয়ে গেছে আজ
তাদের কথা রাখবে বল কে মনে
বিলুপ্ত যে আজ তাদের রাজ্ ।
ছোটবেলার সেসব গল্প গাঁথা
বাংলা সাহিত্যের অনন্য রত্নভাণ্ডার,
সায়াহ্নে এসে যখন দেখি হারাচ্ছে সেসব পুঁথি,
তখন বাজে বুকে বড়োই ব্যথা।
সাতরাজার ধন এক মানিক পেলেই
সব দুঃখ বুঝি বা যাবে চলে,
এখন ভাবি সে মানিক তো সবার কাছেই আছে,
খুঁজতে হবে তাকে অন্তরের অন্তস্থলে।
মনের ভেতর শান্তি যাদের আছে,
অর্থ না থাক, মিলে মিশে আনন্দে যারা বাঁচে,
যেটুকু জোটে সেটুক খানি ভাগ করে নেয় যারা ভালোবেসে,
হৃদয় যাদের বিরাট বড়, মানিকখানি পায় তারা অনায়াসে।
রাক্ষস খোক্ষস রা হারায়নি আজ মোটে,
মানুষের রূপে আশেপাশেই তো জোটে,
হত্যা করতে নিরীহ মানুষের হাতে অস্ত্র নিয়ে,
না বুঝেই বধে অজস্র প্রাণ, উল্লাসেতে মাতে।
রাক্ষসী রাণী ডাইনি পেত্নী ঘুরছে আশেপাশে,
ছদ্মবেশী হয়ে তারা দেখো পাচারকারিনী বেশে।
নারী বা শিশুকে অনায়াসে তারা  বাজারে বেচতে পারে
টাকার লোভে মুখোশ পরে চারপাশেতে ঘোরে।
যতই এদের মারনা কেন রক্তবীজের বংশসম,
দিকে দিকে বেড়ে উঠছে রোজ,
হতদরিদ্র পরিবারদের টোপ দিয়ে তারা উপার্জন এর করছে খোঁজ।
কবে আসবে আবার সে বীর কুমার
পাবে এদের প্রাণ ভোমরার খোঁজ,
উচ্ছেদ করে পাপীদের সবে বিশ্বকে দেবে তৃপ্ত খুশির খোঁজ।
আশায় বাঁচি নিয়ত সবাই, নৃশংসতার অবসান চাই,
বিশ্বে সবাই বাঁচুক হেসে, শান্তিতে থাকুক একসাথে ভালোবেসে।

# তুমি

পল্লবী চক্রবর্ত্তী

মুক্ত আকাশের একটি কবিতার মত যেন তুমি..,
ঠিক ওই সকালের হাসি- রোদ্দুরের  মতো তুমি,
বৃষ্টির পর ওই সাতরাঙা রামধনুও যেন তুমি
ঐ মিষ্টি বৃষ্টির জল যেন তুমি
নীল আকাশের সাদা মেঘ তুমি
বিকেল হলে আকাশ ভরে উড়ে যাওয়া পাখী-ও তুমি..!
ফুলের সৌন্দর্য্য বাড়িয়ে দেওয়া প্রজাপতি-ও তুমি
মাঝ-রাতের গভীর নিদ্রা-র ঐ  সুন্দর স্বপ্ন-টাও যেনো তুমি!
ঠিক ঐ পূর্ণিমা রাতের প্রহর যেন তুমি
যতবার দেখি তোমায়
ঠিক যেন অন্য নতুন গল্প তুমি
তোমায় বুঝতে পারা-র  মতো ক্ষমতা হয়ত আমার নেই,
যখনই বুঝে ওঠার শেষ দিক পাই উল্টিয়ে দাও তুমি নতুন পাতা
ঠিক এক অমিমাংসিত  রহস্যের মতন তুমি..!!

# শিশুর চোখে ঈশ্বর দর্শন

শুভাশিস গাঙ্গুলী

আজকাল আমি প্রায়শই ঈশ্বর দর্শন করি। তোমরা আমায় জিজ্ঞেস করবে কি করে এটা সম্ভব হলো? আমি যত বেদ, মন্ত্র, ধর্মগ্রন্থ পড়ি ততো বুঝতে পারি ঈশ্বর আমার মধ্যে আর চারিপাশে বিরাজ করছেন। আমরা তাঁকে তখনি দেখতে পাবো, আর অনুভব করতে পারবো যেদিন সব পার্থিব রিপু এবং মেকি মোহ কেটে যাবে। এই দিব্য দর্শন সকলের হবে – আমি দেখেছি বলেই তোমাদের সব্বাই কে জানাতে চাইছি। তোমরা যদি একটু মন দিয়ে ভেবে দেখো বুঝতে পারবে কি আশ্চর্য দৈবিক শক্তি তোমাদের মধ্যে আর চারিপাশে বিরাজ করছে।

October ৬ তারিখ – Boston Pharma event attend করে ফিরছি। আমার presentation subject ছিল – Future of personalized medicine - treatment delivered through genetic engineering – ঈশ্বরদত্ত ক্ষমতা ব্যবহার করে নিজেকে রোগ মুক্ত করো।। গাড়ি চলছে ঢিমে তালে – প্রচন্ড traffic কারণ গত ২ দিন ধরে একনাগারে বৃষ্টি পড়ছে, রোড রিপেয়ারিং চলছে আর poor visibility। ২ ঘন্টা এই ভাবে চালাবার পর আমি ক্লান্ত হয়ে একটা service area তে ঢুকে পড়লাম। উদ্দেশ্য একটু coffee আর snacks খেয়ে relax করে আবার গাড়ি চালাবো। একটা salad আর চা নিয়ে service station এর একটা কোণার table এ বসলাম। খাবার প্রতি বিশেষ আকর্ষণ ছিল না, জানলার বাইরে একনাগারে বৃষ্টি পড়ছে – তাই দেখছি। হটাৎ একটা শব্দ হল আর হাসির আওয়াজ পেলাম। তাকিয়ে দেখলাম আমার সামনের table থেকে আওয়াজ টা আসছে। এক ঝলকে দেখলাম একটা চোখ আর এক গাল হাসি – একটা নিষ্পাপ শিশু chair এর back rest এর ভেতর থেকে আমায় দেখছে আর হাসছে। কি আশ্চর্য্য এই হাসি! এক ঝলকে মনে হলো এই দিব্য চোখের মধ্যে এক অদ্ভুত জ্যোতি আছে – রবিগুরুর কথায় তার হাসি বলছে 'বসিয়া আছ কেন আপন মনে,স্বার্থনিমগন কী কারণে? চারি দিকে দেখো চাহি হৃদয় প্রসারি,ক্ষুদ্র দুঃখ সব তুচ্ছ মানি'।

ভালো করে সামনের টেবিলটাকে observe করলাম। Economic pressure এর চাপে একটা জরাজীর্ণ পরিবার। বাবা মা হয়তো mid ৩০টিসে। প্রচুর চাপ কারণ ২টি শিশু – আয়ে ব্যায়ে একাকার। একটু আনন্দের আশায় বেরিয়ে পড়েছে একটা outing করবে বলে। টেবিল এ একটা ১৬ inches pizza, কিছু cheese sticks আর dense sugar aerated drinks। আমার দিব্য শিশুটির প্লেটে ২টো cheese stick আর একটা plastic glass এ একটু soda। শিশুটির মনে এক অদ্ভুত আনন্দ – তার খাবারের প্রতি কোনো আকর্ষণ নেই। সে নিজের অন্তরের আনন্দে একাক্কার। দুটি সবুজ চোখের মনির ভেতর থেকে এক দিব্য আনন্দের জ্যোতি প্রকাশিত হচ্ছে।

এবার আসি ঈশ্বর দর্শনের কথায়। শিশুটির বয়স ২/৩ হবে। সস্তার T shirt আর shorts, পায়ে slip on চটি। Brunette with bluish green eyes and a heavenly smile। chair er back rest er ফাঁক দিয়ে একবার লুকোচ্ছে আর এক এক বার আমায় দেখে হাসছে। যেন বলছে আমায় ধরতে পারলি না – আমায় বুঝতে পারলি না। এই ভাবে লুকোচুরি খেলা চললো ১০ মিনিট ধরে। হটাৎ অনুভব করলাম আমিও হাসছি, লুকোচ্ছি আর এক অদ্ভুত আনন্দ উপলব্ধি করছি। মাঝে মাঝে সতর্ক হয়ে দেখছি ওর মা, বাবা, বা চিরপাশের লোকেরা আমাদের দেখছে কিনা। দেখলাম কেউ আমাদের লক্ষ করছে না। সকলেই ব্যস্ত নিজেদের নিয়ে। ওর বাবা মা এক উদ্দেশ্যহীন দৃষ্টিতে চেয়ে আছে পার্থিব চিন্তা নিয়ে। কিন্তু শিশুটি আমায় কিছু বলতে চাইছে – 'এলাম এই পৃথিবীতে জগতের আনন্দ ধারায় – আয় আয় তোরা, খেল আমার সাথে লুটে নে এই আনন্দের অনুভূতি ভুলিয়া দুঃখ কষ্ট জরা'। ঈশ্বর অনুভূতি তখনি হয় যখন সামান্য পার্থিব অনুভূতি অগ্রাহ্য করে এক অপার আনন্দ উপলব্ধি করতে পারো – এই জন্ম এক আশীর্বাদ আমাদের আরও পরিপূর্ন করার জন্যে – বাহ্যিক পরিবেশে আমরা অভিভূত হয়ে আসল উদ্দেশ্য থেকে দূরে চলে যাই।

আমি আর এই শিশুটি এক আনন্দ ধারায়, আনন্দের বন্যায় বয়ে চললাম। হটাৎ একজন ক্লিনিং লেডি এসে বললো – Sir are you done? Can I dispose of your plate and glass? বললাম sure। Table টা পরিষ্কার হয়ে যাবার পর আবার তাকালাম সামনের টেবিলটার দিকে – সে কোথায় গেলো? সামনের টেবিল তো ফাঁকা! তারা চলে গেছে – বুকের ভেতর টা ছ্যাঁৎ করে উঠলো – সে যে চলে গেলো – বলে গেলো না? এ কি করলে প্রভু? ক্ষনিকের আনন্দ দিয়ে হারিয়ে গেলে? কাঁচের জানলা দিয়ে বাইরের চেয়ে অনেক খুঁজলাম – দেখতে পেলাম না। বৃষ্টি থেমে গেছে কিন্তু বাইরের সব কিছু ঝাপসা লাগছে, । মনে মনে গুন্ গুন্ করে গাইতে লাগলাম – "কেন মেঘ আসে হৃদয়–আকাশে, তোমারে দেখিতে দেয় না, মাঝে মাঝে তব দেখা পাই চিরদিন কেন পাই না"।

# প্রস্তুতি আবারও

সত্যজিৎ ভট্টাচার্য্য

কতবার আঘাত পেলে কিংবা
আঘাত কতটা গভীর হলে
হৃদয়ের টুকরো ছড়িয়ে পড়ে দশ দিকে
উল্কা বৃষ্টির মতো
অপমান, লাঞ্ছনা, অবহেলা, ঘৃণা–
কোনটা কার চেয়ে বেশি ভারী
আমার কোন ধারনাই নেই
আমার তো একইভাবে রক্তপাত হয়

মাঝে মাঝে ভাবি–
এত রক্ত কেন শরীরে আমার?
হৃদয়ের প্রতিটা টুকরো টাকরা
একটা একটা করে সংগ্রহ কি করা যায় সব!

আর তাছাড়া সব দিকে খোঁজার মতো
উন্মুক্ত আজ্ঞা লিপি থাকে না
সংখ্যা তত্ত্বের উপর দখল কম বলেই হয়তো
হিসাব এলোমেলো হয়ে যায় বারে বারে
প্রতিবারই হারিয়ে যায়
কয়েক টুকরো অমূল্য অগোচরে চিরতরে।

আমি অবাক হয়ে যাই–
কয়েকটা দীর্ঘ ঘুমের পর বুকে হাত রাখলেই
বুঝি
তার পূর্ণতার স্পন্দন
জানিনা রাত্রির বৃষ্টিপাত কতটা অঝোর
আবার কি তবে ভেঙে যাওয়ার প্রস্তুতি?

আমি আজও জানিনা–
কিসে বেশি অনুভব–
ভাঙ্গায়? না–
পূর্ণতার স্পন্দনে?

# ভোকাট্টা

আমার ছোট্ট ছাদের পরিসরটা অনেক বড়
আকাশ হাতের মুঠোয় না হলেও–
খুব একটা দূরেও নয়.

অন্তত পৌষ সংক্রান্তির সকালের–
কুয়াশা ভেদ করে যে প্রথম আলো
তার কাছে লাটাই চেয়ে নিয়ে–
উড়ে যেতে পারি অবাধ, আকাশের দিকে
পেটকাটি চাঁদিয়াল কি বগ্গা হয়ে দেখি
পাহাড়, পাহাড়ের বুকে মেঘ
সাগরের বুক জাগা দ্বীপ
দ্বীপে নিরবিচ্ছিন্ন কল কাকলি
প্রেমিকের বুকে কান্না
কর্মহীনের বুকে হতাশা
বন্ধ চিমনির বুকে শ্রমিকের যন্ত্রণা
ধর্ম স্থানের বুকে রক্তক্ষরণ
মায়ের বুকে সন্তানের ছায়া
তখনই, ঠিক তখনই–
আমার বুক জবাই উত্তীর্ণ দ্বিখন্ডিতের মত–
ছটফট করে, খোঁজে একটা–
আকাশের মত বুক
অথবা বুকের মত আকাশ
আর তাই ভোকাট্টা হয়ে উড়ে চলি–
উড়েই চলি।

# টৌটা ভরত রাহি

শিব কিংকর বসু

কয়েক দিন আগে বন্ধুবর মৌসুমী শোনাচ্ছিল কৃষ্ণভামিনীর গল্প, যাঁর কথা সাহিত্যিক শৈলজানন্দ মুখোপাধ্যায়ের আত্মঘাতীর ডায়েরীতে পাওয়া যায়। গল্পটা হচ্ছিল এই নিয়ে যে, সে লেখা ছাপা হয়ে বের হবার পর, কৃষ্ণভামিনী রিভলবার নিয়ে শৈলজানন্দকে তাড়া করেছিলেন।

সেই গল্প শোনা অবধি, মনে মনে ভাবছিলাম আমার দাদুর এক অভিজ্ঞতার কথা, পরে বাবার মুখে মুখে শোনা। ভাবলাম মনে থাকতে থাকতে গুছিয়ে লিখে রাখি।

তখন ঘাটশীলা ছিলো ধলভূম রাজাদের রাজধানী। প্রায় সাড়ে সাতশো বছর আগে রাজপুতানার ঢোলপুর অঞ্চল থেকে এসে, এখানে আস্তানা গেড়েছিলেন এঁদের পূর্বপুরুষ। আঠেরো শতাব্দীতে এই অঞ্চল থেকেই চুয়াড় বিদ্রোহ হয় ইস্ট ইন্ডিয়া কোম্পানির বিরুদ্ধে - ধলভূমের রাজারা তাতে বড় নেতৃত্ব দিয়েছিলেন।

তার অনেক পরে, উনিশ শতকের শেষের দিকে - তখন অবশ্য ধলভূম সে অর্থে স্বাধীন নয়, ইংরেজ সরকারের করদ রাজ্য - তখন রাজা হলেন শত্রুঘ্ন দেও ধবল দেব। ওনার আমলেই, ধলভূমগড় স্টেট থেকে জামশেদজি টাটাকে জমি লীজ দেওয়া হয়, স্টিল প্ল্যান্ট ও নতুন শহর গড়বার জন্য। আরো কিছু জমি লীজ দিয়েছিলেন, খনিজ তামার জন্য, সাহেবজাদা প্রিন্স মোহাম্মদ বখতিয়ার শাহকে। ইনি ছিলেন টিপু সুলতানের বংশধরদের মধ্যে একজন, বোধ হয় ওনার প্রপৌত্র।

শত্রুঘ্নর পরে রাজা হন জগদীশ চন্দ্র দেও ধবল দেব। আমার দাদু তখন ছিলেন ধলভূমগড়ের স্টেট সলিসিটর। এবং রাজার সেক্রেটারি বলো দেওয়ান বলো, ছিলেন এক বাঙালি, তাঁর নাম ভুলে গেছি। তবে ওনার ছেলেকে দেখেছি, আমরা ভোলা দাদু বলে ডাকতাম, প্রায়ই আসতেন আমাদের বাড়ি। এই সেক্রেটারি/দেওয়ান ভদ্রলোককে আপামর জনতা 'মাস্টার মশাই' বলে ডাকতো, কারণ উনি প্রথমে ছিলেন জগদীশ চন্দ্রের গৃহ শিক্ষক, পরে এস্টেটের কাজকর্মের ভার নেন। ভালো কথা, জগদীশ চন্দ্র ছোট বেলায় মেদিনীপুরে স্কুলে পড়ার সময় শহীদ ক্ষুদিরাম বসুর সহপাঠী ছিলেন।

সেই সময় ধলভূম রাজের সঙ্গে বখতিয়ার শাহদের মামলা চলছিল, ওই তামার খনির লীজ সংক্রান্ত কিছু মতানৈক্য নিয়েই মোকদ্দমা। দাদু মামলাটা দেখছিলেন, পরে জিতেও গিয়েছিলেন। আমাদের আদি বাসস্থান চাইবাসা; মামলার আলোচনা করতে দাদুকে মাঝে মাঝেই চাইবাসা থেকে ঘাটশীলা যেতে হতো।

সেই রকমই একবার দাদু ঘাটশীলা আসছেন। তখনও ওদিকে পাকা রাস্তা হয়নি, চারিদিকে ছোটনাগপুরের রুক্ষ পাহাড়ি জংলা জমির মাঝখান দিয়ে লাল মোরাম বিছনো রাস্তা। মোটরে করে প্রায় এসেই গেছেন, এমন সময়ে একটা মোড় ঘুরতেই দেখেন বাঁশ বনের ভেতর থেকে মাস্টার মশাই, এক হাতে কাছা আরেক হাতে ছড়ি ধরে হাঁফাতে হাঁফাতে, 'ও সতু, ও সতু, গাড়ি থামাও' বলতে বলতে আসছেন। হাঁটু পর্যন্ত লাল ধুলো, ধুতি এদিক ওদিক ছিঁড়ে গেছে, ঝুলো গোঁফ আরো ঝুলে গেছে, টাকের দুপাশে যেটুকু চুল ছিলো, সেও উস্কো খুস্কো।

দাদু অবাক হয়ে বললেন, 'আপনার কাছেই তো যাচ্ছি।' উনি হড়বড় করে দাদুকে নামিয়ে, নিজে গাড়িতে উঠে, ড্রাইভার কে বললেন, 'ও বাবা মার্কাস, ঘুমাও ঘুমাও, যেতনা দুর হয়, লে কে চলো।' যেতে যেতে গাড়ির জানালা দিয়ে মুখ বাড়িয়ে দাদুকে বলে গেলেন, 'নারান তাড়া করেছে, ওকে ঠান্ডা করো।'

দাদু এক হাতে ব্রিফকেস আরেক হাতে মাথার শামলা ধরে দাঁড়িয়ে রইলেন। খানিকক্ষণ হতভম্ব হয়ে দাঁড়িয়ে থেকে, আর কোন উপায় না দেখে দাদু হেঁটে হেঁটেই রাজবাড়ীর পথে এগোতে লাগলেন। খানিক পরে দেখেন, দুর থেকে লাল ধুলোর একটা ছোট্ট

ঝড় তীর বেগে এগিয়ে আসছে। কাছে আসতে বুঝলেন, কুমার বাহাদুর (যুবরাজ নারায়ণ চন্দ্র দেও ধবল দেব) তাঁর বি এস এ মোটরসাইকেল হাঁকিয়ে তেড়ে আসছেন। মোটর সাইকেল থামিয়ে কুমার বাহাদুর জিজ্ঞেস করেন, 'মাস্টারজি কো দেখা সতু চাচা?'

দাদু দেখলেন কুমারের পিঠে দো নলা বন্দুক। পিঠে বন্দুক নিয়ে ঘোরা তেমন নতুন কোন কথা নয়, অনেকেই ছররা নিয়ে পাখি, খরগোশ শিকারে বেরুতেন। কিন্তু কুমার তখনও বয়েসে কিশোর বললেই চলে, তায় শিকার নিয়ে খুব একটা আগ্রহও নেই। বিষ্ণুপুর ঘরানায় সেতার শিখছেন। আর প্রায়ই কলকাতা থেকে গ্রামোফোন রেকর্ড আনিয়ে দেবার আবদার করেন; নিজের মামাবাড়ির দিকের সচিন দেববর্মণ তো আছেই, তা ছাড়া পঙ্কজ মল্লিক, আর ওই উঠতি গায়ক কে এল সায়গল।

কুমারের শ্মশ্রুহীন কোমল মুখ তখন গনগনে লাল, চোখ দিয়ে যেন আগুন বেরুচ্ছে। ছোট থেকে দেখে আসছেন নারানকে, এমন উগ্র চন্ডালের মতন মূর্তি কখনো দেখেননি দাদু। তাই কি বলবেন ভেবে পেলেন না। কুমার বাহাদুরও আর না থেমে ভট ভট আওয়াজ তুলে চলে গেলেন।

দাদু আবার হাঁটতে লাগলেন। খানিক পর দেখেন রাজা বাহাদুরের মার্সিডিজ আসছে। কাছে আসতেই দরজা খুলে, স্বয়ং জগদীশ চন্দ্র দেও ধবল দেব বললেন, 'সতু বাবু, উঠে আসেন, উঠে আসেন। দেখেন দিকি ইহা, একটু বুঝান বাচ্চা কে। ই ভাবে মাথা গরম করে কেউ?'

পরে ঘটনা যা জানা গেলো, খাজনা বাকি পড়াতে মাস্টার মশাই কিছু প্রজাকে ডেকে পাঠিয়েছিলেন। তাদের কাছারি বাড়ির সামনে দাঁড় করিয়ে রেখেছিলেন, পরে আর্জি শুনবেন। ইতিমধ্য কাছারির কাজ সারতে সারতে সকাল গড়িয়ে দুপুর হয়ে গেলো। মাস্টার মশাই চলে গেলেন স্নান করে, খাওয়া দাওয়া সারতে। খেয়ে দেয়ে আবার বাঙালি মানুষ, একটু দিবা নিদ্রা দিতে হয়। প্রজারা তখনও বাইরে দাঁড়িয়ে।

ইতিমধ্য কুমার বাহাদুর কোথায় গিয়েছিলেন, ফিরে এসে দেখলেন প্রজারা বাইরে দাঁড়িয়ে। রোদে শুকনো মুখে দাঁড়িয়ে থাকা মানুষ গুলোকে দেখে কুমারের কষ্ট হয়। জিজ্ঞেস করেন, 'এরা এখানে কেনো?' উত্তর আসে, 'মাস্টারজির হুকুম।' কুমার বলেন, 'যাও যাও তোমরা বাড়ি যাও। স্নান, খাওয়া দাওয়া করো গিয়ে। বিকেলে এসো নাহয়, নয়তো কালকে এসো।'

দিবানিদ্রা শেষে মাস্টার মশায়ের মনে পড়ে, খাজনা বাকি প্রজাদের কথা। কিন্তু এসে দেখেন কেউ নেই। বলেন, 'কোথায় গেলো হারামজাদার দল।' উত্তর আসে, 'কুমার বাহাদুরের হুকুম।' মাস্টার মশাই ভুলে যান যে কুমার এখন যুবরাজ, কৈশোর পেরিয়ে প্রায় যৌবনে পদার্পন করতে চলেছেন। তাঁর কাছে কুমার এখনো বালক, যে নামতা মুখস্ত করতে পারে না। জিজ্ঞেস করেন, 'সে ছোঁড়া কোথায়?' উত্তর আসে, 'দরবার মা বৈঠিন হো।' তিনি হন হন করে দরবার ঘরে গিয়ে, পেঁচিয়ে কুমার বাহাদুরের কান মুলে দিয়ে চলে গেলেন কাছারির অন্য কাজ দেখতে।

একটু পরে অস্ত্রশালার দুটি পাইক রুদ্ধশ্বাসে ছুটতে ছুটতে আসে, বলে, 'মাস্টারজি, কুঁয়ার জিউ বন্দুকমা টোটা ভরত রাহি।' মাস্টার মশাই বিরক্ত হয়ে বলেন, 'তো আমি কি করবো? রেজিস্ট্রিতে এন্ট্রি করে নাও।' পাইক দুটি আর কথা না বাড়িয়ে, দুদিক থেকে মাস্টার মশাইকে ধরে গদি থেকে উঠিয়ে একেবারে কাছারি বাড়ির বাইরে নিয়ে এসে বললে, 'ভাগিয়ে!' কুমার বাহাদুরের শিরায় ধমনীতে তখন রাজপুত ক্ষত্রিয়ের রক্ত জেগে উঠেছে। দরবার কক্ষে সবার সামনে, কিনা কান মুলে দেওয়া!

